

PAVENewsletter

Peace Ambassadors' Response to COVID-19 Outbreak

অসহায় কর্মহীন মানুষদের খাদ্য সহায়তা দিচ্ছেন পিএফজির রাজশাহী জেলা নেটওয়ার্কের সমন্বয়কারী সাইফুল ইসলাম বাদশা।
- আল আমিন মিয়া ও প্রদ্যুৎ কুমার সরকার, রাজশাহী।

করোনা ভাইরাস সংক্রমণের প্রভাবে কর্মহীন হয়ে পড়া দিনমজুর ও নিম্ন আয়ের মানুষের পাশে খাদ্য সহায়তা নিয়ে উপস্থিত হয়েছেন পিএফজির রাজশাহী জেলা নেটওয়ার্কের সমন্বয়কারী সাইফুল ইসলাম বাদশা ও তার পরিবার। এ সময় জনাব বাদশা বলেন, করোনা ভাইরাসের প্রভাবে আমাদের এলাকার অনেক দিনমজুর ও অভাবগ্রস্ত মানুষ কর্মহীন হয়ে মানবের জীবন যাপন করছে। এমতাবস্থায় আমাদের পরিবারের পক্ষ থেকে একহাজার অসচ্ছল পরিবারকে খাদ্য সামগ্রী হিসেবে চাল, ডাল, তেল আলু



ইত্যাদি দেওয়া হচ্ছে এবং আগামীতেও এ ধরনের সহায়তা প্রদান অব্যাহত থাকবে। চারঘাট উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা সামিরা উক্ত ত্রাণ বিতরণ কার্যক্রম পরিদর্শন করেন এবং তিনি সামাজিক দূরত্বের বিষয়টি নিশ্চিত করেন। উল্লেখ্য জনাব বাদশা সাবেক প্রতিমন্ত্রী মরহুম ডা.আলাউদ্দিনের সন্তান এবং রাজশাহী জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য।

কর্মহীন নিম্ন আয়ের মানুষদের খাদ্য সহায়তা দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন পিএফজি সদস্য জনাব সরওয়ার কামাল সোহেল।- মুহাম্মদ আব্দুর রব খাঁন, কক্সবাজার।



করোনা ভাইরাসের এই মহাদুর্যোগে কর্মহীন নিম্নআয়ের মানুষদের খাদ্য সহায়তা দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন সম্মানীত পিএফজি সদস্য ও রামু উপজেলার রাজারকুল ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জনাব সরওয়ার কামাল সোহেল। খাদ্য সহায়তার অংশ হিসেবে তিনি দিনের বেলা পাশাপাশি রাতের আঁধারেও রাজারকুল ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের সুবিধা বঞ্চিত মানুষের বাড়ী বাড়ী খাবার পৌঁছে দিচ্ছেন।

এ ব্যাপারে তিনি বলেন, আমাদের সমাজে এমন অনেক অভাবী মানুষ আছেন যারা লজ্জায় কারো কাছে সাহায্য চাইতে পারেননা, অথচ পরিবার পরিজন নিয়ে অতি কষ্টে তারা জীবন যাপন করছেন। জীবন যুদ্ধে হার না মানা সেসকল মানুষকে গোপনে সাহায্য করা আমাদের নৈতিক দায়িত্ব। সম্মানীত পিএফজি সদস্য জনাব ইজ্জত উল্লাহ সহ রাজারকুল ইউনিয়নের আওয়ামী লীগের নেতৃত্বদ তার এই কাজে সার্বিক সহযোগিতা করে যাচ্ছেন।